

গোপালগঞ্জ জেলা ইনোভেশন টিমের নভেম্বর ২০১৭ মাসের সভার কার্য বিবরণী

সভাপতি	:	মোঃ আঃ জলিল, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), গোপালগঞ্জ
সভার স্থান	:	জেলা প্রশাসক, গোপালগঞ্জ এর সম্মেলন কক্ষ
সভার তারিখ	:	২০ নভেম্বর ২০১৭
সময়	:	দুপুর ০৩.০০ টা
উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট- "ক"

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এরপর তিনি উপস্থিত সকলকে ইনোভেশন সম্পর্কে মুক্ত আলোচনার আহ্বান জানান।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	সভাপতি জানান উপজেলা পর্যায়ের ইনোভেশন টিম কোন ইনোভেশন উদ্যোগ গ্রহণ করেছে কি না তা জানা দরকার এবং তাদের ইনোভেশন টিমের সভায় জেলা ইনোভেশন টিমের একজন সদস্য উপস্থিত থাকা প্রয়োজন।	উপজেলা ইনোভেশন টিমের মাসিক সভায় জেলা ইনোভেশন টিমের একজন সদস্যকে আমন্ত্রন জানাতে হবে এবং মাসিক সভার কার্য বিবরণী এ দপ্তরে প্রেরণ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
০২	সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, গোপালগঞ্জ সভায় জানান যে, সরকারিভাবে বিদেশে যেতে আগ্রহী নিবন্ধিত কর্মীদের পাসপোর্ট করার প্রক্রিয়া আরও সহজ করা প্রয়োজন।	নিবন্ধিত কর্মীগণের পাসপোর্ট করার প্রক্রিয়া সহজ করার পদক্ষেপ হিসেবে তাদের ফিঞ্জারপ্রিন্ট গ্রহণ, ছবি তোলা এবং স্মার্ট কার্ড সরবরাহের জন্য জেলা কর্মসংস্থান অফিসে পাসপোর্ট অফিসের একটি একটি বুথ খোলা যেতে পারে। প্রয়োজনে সেখানে পাসপোর্ট অফিসের একজন কর্মকর্তা কর্মচারী থাকতে পারে।	১। উপ-পরিচালক, জেলা পাসপোর্ট অফিস গোপালগঞ্জ ২। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস
০৩	উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, গোপালগঞ্জ সভায় জানান, জেলা প্রশাসকের কার্যালয় হতে স্থানীয় ক্যাবল অপারেটরের একটি চ্যানেল নিয়ন্ত্রণ করা গেলে সে চ্যানেলে জেলার সকল দপ্তরের বিভিন্ন সার্কুলার ও বিজ্ঞপ্তি প্রদান করা সহজ হতো।	এ বিষয়ে জেলা প্রশাসক মহোদয়ের সাথে আলোচনা করে অতিদূত এই পদক্ষেপ বাস্তবায়ন করতে হবে।	১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর ৩। অফিস প্রধান (সকল)

অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আঃ জলিল)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
গোপালগঞ্জ
ফোনঃ ০২-৬৬৮৫০১২

স্মারক নং-০৫.৩০.৩৫০০.০২৩.০৯.০১২.১৫-

তারিখঃ _____
আষাঢ় ১৪২২ বঙ্গাব্দ
জুন ২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ০১। অতিরিক্ত কমিশনার (সার্বিক ব/ উন্নয়ন), উন্নয়ন শাখা, কমিশনার, ঢাকা বিভাগ এর কার্যালয়, ঢাকা।
- ০২।, গোপালগঞ্জ।
- ০৩। সহকারী কমিশনার, গোপনীয় শাখা; জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।

(মহসিন উদ্দীন)
সহকারী কমিশনার
আইসিটি শাখা
জেলা প্রশাসকের কার্যালয় গোপালগঞ্জ